

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ১৬২৯

88/ সাহাবাগণের মর্যাদা (كتاب فضائل الصحابة)

পরিচ্ছেদঃ 88/৪৩. আনসার (রাঃ)-এর মর্যাদা।

من فضائل الأنصار رضى الله تعالى عنهم

আরবী

حديث زَيْدِ بْنِ أَرْقَمَ عَنْ أَنَسِ بْنِ مَالِكِ، قَالَ: حَزِنْتُ عَلَى مَنْ أُصِيبَ بِالحَرَّةِ، فَكَتَبَ إِلَيَّ وَيُدُ ابْنُ أَرْقَمَ، وَبَلَغَهُ شِدَّةُ حُزْنِي، يَذْكُرُ أَنَّهُ سَمِعَ رَسُولَ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: اللهُمَّ اغْفِرْ لِلأَنْصَارِ، وَلأَبْنَاءِ الأَنْصَارِ

বাংলা

১৬২৯. আনাস ইবনু মালিক (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন হাররায় যাদেরকে শহীদ করা হয়েছিল তাদের খবর শুনে শোকে মুহ্যমান হয়েছিলাম। আমার শোকের সংবদি যায়দ ইবনু আরকাম (রাঃ)-এর কাছে পৌছলে তিনি আমার কাছে পত্র লিখেন। পত্রে তিনি উল্লেখ করেন, তিনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছেন, হে আল্লাহ্! আনসার ও আনসারদের সন্তানদেরকে তুমি ক্ষমা করে দাও। এ দু'আয় রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আনসারদের সন্তানদের জন্য দুআ করেছেন কিনা এ ব্যাপারে ইবনু ফাযল সন্দেহ করেছেন।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ; তাফসীর, অধ্যায় ৬৩, হাঃ ৪৯০৬; মুসলিম, পর্ব ৪৪ : সাহাবাগণের মর্যাদা, অধ্যায়, ৪৩, হাঃ ২৫০৬

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন